গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
(সংস্থাপন শাখা)
www.narail.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০.৪০২.০৬.০১২.২৬- ২০৬

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ / ২৭ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০.০৭.২০২৬খ্রি. তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৭.২২-৫২ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনার ১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০০০.০১২.৫১.০০০৫.২৬.৪৭৪ নম্বর স্মারকের আলোকে জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নিম্নবর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে নড়াইল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে শুধু অনলাইনে https://dcnarail.teletalk.com.bd দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	হিসাব সহকারী	০২ (দুই) টি	বেতন গ্রেড: ১৬ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী: ৯৩০০-২২৪৯০/- জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী: ২১৯০০-৫২৯০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ)কম্পিউটার চালনায় দক্ষ; (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা টাইপ ২০ ও ইংরেজি টাইপ ২০ শব্দ; এবং স্প্রেডশিট, প্রেজেন্টেশন-এ দক্ষ; (ঘ) তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০২।	সার্টিফিকেট সহকারী	০২ (দুই) টি	বেতন গ্রেড: ১৬ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী: ৯৩০০-২২৪৯০/- জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী: ২১৯০০-৫২৯০০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় দক্ষ; (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা টাইপ ২০ ও ইংরেজি টাইপ ২০ শব্দ; এবং স্প্রেডশিট, প্রেজেন্টেশন-এ দক্ষ; (ঘ) তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নড়াইল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৩। প্রার্থীর বয়সসীমা ০১.১১.২০২৬ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর হতে হবে।

০৪। আবেদনপত্রে আবশ্যিকভাবে প্রার্থীদের সম্প্রতি (আবেদন দাখিলের এক মাস পূর্ব পর্যন্ত) তোলা রঙ্গিন ছবি ব্যবহার করতে হবে।

০৫। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর কপি;

(খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা'র মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক স্ব-স্ব পৌরসভার প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণপত্র;

bekarsfeed.com

(জ) প্রার্থী কর্তৃক কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

(ঝ) ডাউনলোডকৃত Applicant Copy এর সত্যায়িত কপি;

(ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

০৭। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদ পূরণের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সর্বশেষ সংশোধনী, ২০২৪) অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৮। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৯। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং লিখিত ও ব্যবহারিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১২। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১৩। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৪। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। অনলাইনে আবেদন ফরম পূরণ ও দাখিল সংক্রান্ত নিয়মাবলী এবং শর্তাবলী:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://dcnarail.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম পূরণ ও দাখিল করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শুরুর তারিখ ও সময়: ০১/১১/২০২৬ খ্রি. তারিখ সকাল ০৯:০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২২/১১/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর)ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে নির্ধারিত পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) প্রার্থী কর্তৃক Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র Submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে 'পরীক্ষার ফি' বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা এবং অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) সকল গ্রেডের জন্য 'পরীক্ষার ফি' বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/- টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা আবেদন সাবমিট করার সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

bekarsfeed bekarsfeed.com

প্রথম SMS: DCNARAIL <space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
[Example: DCNARAIL <space>ABCDEF & Send To 16222]
দ্বিতীয় SMS: DCNARAIL <space>Yes<space>Pin লিখে 16222 নম্বরে Send করতে হবে।
[Example: DCNARAIL <space>Yes<space>12345678 & Send To 16222]

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dcnarail.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম (ভেন্যু) ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থীকে প্রিন্ট করে নিতে হবে। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু Teletalk Pre-paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: DCNARAIL<Space>Help<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। [Example: DCNARAIL<Space>Help<Space>User ID & Send To 16222]

(ii) PIN Number জানা থাকলে: DCNARAIL<Space>Help<Space>PIN<space>PIN Number লিখে 16222 নম্বরে Send করতে হবে। [Example: DCNARAIL Help PIN 12345678

(ঝ) নির্দিষ্ট পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল এর ওয়েবসাইট www.narail.gov.bd এ এই বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https:// alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.narail.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৬। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ড. মোহাম্মদ আবদুল ছালাম
জেলা প্রশাসক
নড়াইল
ফোন:০২৪৭৮৮৮০৫৬৫
e-mail: dcnarail@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০.৪০২.০৬.০১২.২৬- ২০৬ (২০০)

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ / ২৭ অক্টোবর ২০২৬

অনুলিপি; সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা ও সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
০৪। জেলা প্রশাসক, ...(সকল)
০৫। পুলিশ সুপার, নড়াইল
০৬। সিভিল সার্জন, নড়াইল
০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, নড়াইল
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নড়াইল
০৯। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি/সার্বিক/রাজস্ব, নড়াইল
১০। উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল (বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)

bekarsfeed.com

১১। সহকারী কমিশনার (ভূমি), নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল (বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
১২। নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/জেনারেল সার্টিফিকেট অফিসার/ট্রেজারি অফিসার, নড়াইল।
১৩। সহকারী কমিশনার .....শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
১৪। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল (বিজ্ঞপ্তি ও নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫। সিনিয়র তথ্য অফিসার, নড়াইল (বিজ্ঞপ্তিটি জেলার প্রতিটি উপজেলায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নড়াইল।
১৭। সম্পাদক..... [তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর দৈনিক পত্রিকায় ভিতরের পাতায় স্বাভাবিক ছোট অক্ষরে সিঙ্গেল স্পেসে ০৩ (তিন) কলামে একবার ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫(পাঁচ)কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার অনুরোধ করা হলো]
১৮। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল।
১৯। অফিস কপি।

ড. মোহাম্মদ আবদুল ছালাম
জেলা প্রশাসক
নড়াইল
ফোন:০২৪৭৮৮৮০৫৬৫
e-mail: dcnarail@mopa.gov.bd

bekarsfeed